



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২৭.১০.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বোটানি অলিম্পিয়াড ২০১৭ বরিশাল বিভাগীয় রাউন্ড অনুষ্ঠিত

বাংলাদেশ বোটানি অলিম্পিয়াড ২০১৭ এর বরিশাল বিভাগীয় রাউন্ড অনুষ্ঠিত হয়ে গেল বরিশাল বিশ্ববিদ্যালয়ে। অদ্য ২৭ অক্টোবর সকাল ৯ টায় অনুষ্ঠানের প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক বেলুন ও ফেস্টুন উড়িয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন। এর পরপরই মশাল প্রজ্জ্বলন এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বরিশালের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও বোটানি অলিম্পিয়াড ২০১৭ এর বিভাগীয় আহবায়ক মো: জাকির হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের অনারারি প্রফেসর ও বাংলাদেশ জার্নাল অব বোটানির চিফ এডিটর ড. মনিরুজ্জামান খন্দকার, বাংলাদেশ বোটানিক সোসাইটির মহাসচিব ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. শেখ শামিমুল আলম, বাংলাদেশ বোটানিক সোসাইটির সদস্য প্রফেসর মো: আজিজুর রহমান, বরিশাল জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মো: ইসমাইল হোসেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান, প্রক্টর (ভারপ্রাপ্ত) এবং বোটানি অলিম্পিয়াড ২০১৭ এর সদস্য সচিব ড. সুব্রত কুমার দাস সহ বিভিন্ন অতিথিবৃন্দ। বরিশাল বিভাগীয় বোটানি অলিম্পিয়াড ২০১৭ তে বরিশালের বিভিন্ন কলেজের কয়েকশত শিক্ষার্থী অংশ নেয়। পরে অলিম্পিয়াডের বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণকারী বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি মাননীয় উপাচার্য মহোদয় সহ অন্যান্য অতিথিবৃন্দ। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় এ ধরনের একটি আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়কে অনুষ্ঠান সহযোগী এবং ভেন্যু হিসেবে নির্বাচিত করার জন্য আয়োজক সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বলেন, প্রকৃতিকে রক্ষা করতে হলে উদ্ভিদ সম্পর্কে আমাদের আরও যত্নবান হতে হবে, কেননা এই উদ্ভিদই আমাদেরকে তথা প্রকৃতিকে বাঁচিয়ে রাখবে। আর এ ধরনের অলিম্পিয়াড প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে উদ্ভিদবিজ্ঞানের বিভিন্ন শাখা সম্পর্কে গভীরভাবে জানতে ও গবেষণা করতে শিক্ষার্থীরা যেমন আগ্রহী হবে, তেমনি আজকের এই প্রতিযোগীদের মধ্য হতে ভবিষ্যতে হয়ত অনেক বড়মাপের উদ্ভিদবিজ্ঞানী বেড়িয়ে আসবে এবং তাঁরা উদ্ভিদবিজ্ঞানের বিভিন্ন শাখা সমৃদ্ধিতে অবদান রাখবে। আর এরই মাধ্যমে বিজ্ঞানের বিভিন্ন শাখায় কোমলমতি শিক্ষার্থীদের পদচারণা আরও বৃদ্ধি পাবে বলে আমি মনে করি। বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি, বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর এবং বরিশাল বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগের যৌথ আয়োজনে বরিশাল বিভাগীয় বোটানি অলিম্পিয়াড ২০১৭ অনুষ্ঠিত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস